




বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ০৩ অক্টোবর ২০১৭



ব্রিটিশবিরোধী আন্দোলনের নেতা, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বর্ষীয়ান রাজনীতিবিদ, অনলবর্ষী বক্তা ও শ্রমিক নেতা কমরেড জসিম উদ্দিন মন্ডল এর মৃত্যুর সংবাদে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীরভাবে শোকাহত

গত ০২ অক্টোবর ২০১৭ তারিখ ব্রিটিশবিরোধী আন্দোলনের নেতা ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির নেতা বর্ষীয়ান রাজনীতিবিদ অনলবর্ষী বক্তা শ্রমিক নেতা কমরেড জসিম উদ্দিন মন্ডল এর মৃত্যুর সংবাদে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) পরিবার গভীরভাবে শোকাহত।

ব্রিটিশ খেদাও আন্দোলন, কৃষক আন্দোলন, তে-ভাগা আন্দোলনে তার সক্রিয় ভূমিকা এবং ১৯৬৬ সালে ছয় দফা আন্দোলন, ১৯৬৯ গণ অভ্যুত্থানসহ ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তার অপরিসীম অবদান ব্লাস্ট শ্রদ্ধাভরে স্মরণ করবে।

ব্লাস্ট পরিবার এর পক্ষ থেকে আমরা তাঁর অবদানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি। আমরা তাঁর শোক সন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

ব্লাস্ট পরিবার